

		
		
<p>কৃষি আবহাওয়া তথ্য পদ্ধতি উন্নতকরণ প্রকল্প কম্পোনেন্ট সি-বিডব্লিউসিএসআরপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তর</p>		

আগামী ১১-১৩ মে, ২০২২ সন্ধ্যা ঘূর্ণিঝড় (অশনি) এর ক্ষতিকর প্রভাব থেকে রক্ষার জন্য বিশেষ কৃষি আবহাওয়া

বিষয়ক পরামর্শ:

(বেগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, জয়পুরহাট, নওগাঁ, নাটোর, পাবনা, রাজশাহী, সিরাজগঞ্জ, ময়মনসিংহ, হবিগঞ্জ, মৌলভীবাজার, সুনামগঞ্জ, সিলেট, ঢাকা, গাজীপুর, কিশোরগঞ্জ, মানিকগঞ্জ, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাঙ্গাইল, ফরিদপুর, গোপালগঞ্জ, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, চাঁদপুর, লক্ষ্মীপুর, নোয়াখালী, ফেনী, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, বান্দরবান, চট্টগ্রাম, কক্সবাজার, বাগেরহাট, চুয়াডাঙ্গা, যশোর, ঝিনাইদহ, খুলনা, কুষ্টিয়া, মাগুরা, মেহেরপুর, নড়াইল, সাতক্ষীরা জেলার জন্য প্রযোজ্য)

প্রকাশের তারিখ: ০৮/০৫/২০২২

বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর হতে প্রাপ্ত তথ্য মতে দক্ষিণ-পূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত গভীর নিম্নচাপটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে একই এলাকায় ঘূর্ণিঝড় “অশনি”-তে পরিণত হয়েছে। এটি উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে পশ্চিমকেন্দ্রীয় ও তৎসংলগ্ন উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরে পৌঁছানোর খুব সম্ভাবনা রয়েছে। পরে, এটি উত্তর-উত্তরপূর্ব দিকে পুনরায় বেঁকে এবং ওড়িশা উপকূলে উত্তর-পশ্চিম বঙ্গোপসাগরের দিকে অগ্রসর হওয়ার খুব সম্ভাবনা রয়েছে। উপরিলিখিত জেলায় ঘূর্ণিঝড়ের কারণে ঝড়ো হাওয়া এবং মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। এমতাবস্থায়, উপরোক্ত জেলাগুলোর জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নলিখিত কৃষি আবহাওয়া বিষয়ক পরামর্শসমূহ প্রদান করা হলো:

- ১। বোরো ধান ৮০% পরিপক্ব হয়ে গেলে দ্রুত সংগ্রহ করে ফেলুন।
- ২। সংগ্রহ করা ফসল পরিবহন না করা গেলে মাঠে গাদা করে পলিথিন শীট দিয়ে ঢেকে রাখুন যেন ঝড়ো হাওয়া ও ভারী বৃষ্টিপাতের কারণে ক্ষতি না হয়।
- ৩। দ্রুত পরিপক্ব সবজি ও ফল সংগ্রহ করে ফেলুন।
- ৪। সেচ, সার ও বালাইনাশক প্রয়োগ থেকে বিরত থাকুন।
- ৫। দণ্ডায়মান ফসলকে পানির স্রোত থেকে রক্ষার জন্য বোরো ধানের জমির আইল উঁচু করে দিন।
- ৬। নিষ্কাশন নালা পরিষ্কার রাখুন যেন জমিতে পানি জমে না থাকতে পারে।
- ৭। খামারজাত সকল পণ্য নিরাপদ স্থানে রাখুন।
- ৮। আখের ঝাড় বেঁধে দিন, কলা ও অন্যান্য উদ্যানতাত্ত্বিক ফসল এবং সবজির জন্য খুঁটির ব্যবস্থা করুন।
- ৯। পুকুরের চারপাশ জাল দিয়ে ঘিরে দিন যেন ভারী বৃষ্টিপাতের পানিতে মাছ ভেসে না যায়।
- ১০। গবাদি পশু ও হাঁসমুরগী শুকনো ও নিরাপদ জায়গায় রাখুন।
- ১১। মৎস্যজীবীদের সমুদ্রগমন থেকে বিরত থাকার পরামর্শ দেওয়া হলো।



ড. মোঃ শাহ কামাল খান
প্রকল্প পরিচালক

মোবাইল ফোন নং +৮৮০১৭১২ ১৮৪২৭৪